কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০১.২৫- ৩৮৫

০৭/০৪/১৪৩৩ বঙ্গাব্দ
তারিখঃ-----------------------
২২/০৭/২০২৬ খ্রি.।

## সভার নোটিশ

কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই/২০২৬ মাসের সমন্বয় সভা আগামী ২৬ জুলাই, ২০২৬ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। জনাব এম. এম. আরিফ পাশা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় তথ্যাদিসহ অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (বিভাগীয় উপপরিচালকগণ জুম প্লাটফর্মে যোগদান করবেন)।

Zoom ID: 393 533 4455
Pass Word: 4455

**সভার আলোচ্যসূচিঃ**

১। গত ০২/০৭/২০২৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। গত ০২/০৭/২০২৬ তারিখের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩। বিবিধ।

সংযুক্তিঃ সভার কার্যপত্র।

২২/০৭/২০২৬
(অপু সরকার)
সহকারী পরিচালক
(প্রশিক্ষণ ও সমন্বয়)
ফোন: ৫৫০২৮৪০৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক, প্রশাসন ও হিসাব, ফিল্ড সার্ভিস, প্রশিক্ষণ ও সমন্বয় এবং সম্প্রসারণ ও রেগুলেশন/বাজার সংযোগ, গবেষণা, রপ্তানী উন্নয়ন এবং কৃষি ব্যবসা উন্নয়ন/আইসিটি, নীতি ও পরিকল্পনা এবং গুদাম ব্যবস্থাপনা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। উপপরিচালক, গবেষণা/বাজার সংযোগ/সম্প্রসারণ ও রেগুলেশন/নীতি ও পরিকল্পনা/রপ্তানী উন্নয়ন/কৃষি ব্যবসা উন্নয়ন/গুদাম ব্যবস্থাপনা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩। উপপরিচালক, বিভাগীয় উপরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ ময়মনসিংহ, কৃষি বিপণন অধিদপ্তর।
৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, প্রশিক্ষণ ও সমন্বয়/ফিল্ড সার্ভিস/নীতি ও পরিকল্পনা, প্রধান কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
৬। সহকারী পরিচালক.................................. (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭। অডিট এন্ড বাজেট অফিসার, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সমন্বয় সভার নোটিশ ও কার্যপত্র ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (আপ্যায়নের অনুরোধসহ) ।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

**কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যপত্র**

আলোচ্যসূচি-১ : ০২ জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

আলোচ্যসূচি-২ : ০২ জুলাই, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | **প্রশাসন ও হিসাব, ফিল্ড সার্ভিস, প্রশিক্ষণ ও সমন্বয় এবং সম্প্রসারণ ও রেগুলেশন:** | | |
| ১.১। | ১। পদোন্নতিযোগ্য শূন্য পদসমূহ পূরণার্থে আগামী ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পদোন্নতির কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>২। সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদগুলোর গ্রেডভিত্তিক বিবরণী এবং এসব পদ পূরণে গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল ও জনবান্ধব করতে বিদ্যমান জনবল কাঠামো পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংখ্যক নতুন পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) / সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (ফিল্ড সার্ভিস)/ সহকারী পরিচালক (প্রশাসন ) | ১। কৃষি বিপণন অধিদপ্তরের ১৪/০৭/২০২৬ তারিখের ৫৫২ ও ৫৫৩ সংখ্যক অফিস আদেশে যথাক্রমে উচ্চমান সহকারী পদে একজন ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে দুই জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।<br><br>২। সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদগুলোর গ্রেডভিত্তিক বিবরণী **সংযুক্তি-১** এ প্রদান করা হয়েছে এবং ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি নিয়োগযোগ্য ৯৭টি পদে নিয়োগের নিমিত্ত ছাড়পত্রের প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>৩। কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল ও জনবান্ধব করতে বিদ্যমান জনবল কাঠামো পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সংখ্যক নতুন পদ সৃজনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| ১.২। | **সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ**<br>প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (ফিল্ড সার্ভিস)/ সহকারী পরিচালক (প্রশাসন ) | কৃষি বিপণন অধিদপ্তরের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা (সওব্য) শাখায় আগামী ৩০/০৭/২০২৬ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| ১.৩। | **ডি নথির ব্যবহার:**<br>কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও আওতাধীন বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহে ডি-নথি ব্যবহারের হার ৯৫% এর উর্ধ্বে রাখতে হবে। | সকল কর্মকর্তা | ১। জুন, ২০২৬ মাসে ডি-নথি ব্যবহারের হার ৯৫.০৯%। ডি-নথি ব্যবহারের শাখা ভিত্তিক তথ্য **সংযুক্তি-২** প্রদান করা হয়েছে। বিভাগীয় উপপরিচালকগণ আওতাধীন কার্যালয়সমূহের ডি-নথি ব্যবহারের অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। |
| ১.৪। | **মামলা সংক্রান্ত:**<br>১। Smart Case Management System Software-এ মামলা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>২। প্রত্যেকটি মামলার সর্বশেষ অবস্থা ও গৃহিত কার্যক্রম | পরিচালক (প্রশাসন) /উপপরিচালক/ সহকারী পরিচালক | ১। Smart Case Management System Software-এ মামলা সংক্রান্ত তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br><br>২। চলমান/বিদ্যমান মামলাসমূহের অগ্রগতি |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | সম্পর্কিত প্রতিবেদন নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য এবং স্থগিত মামলাসমূহের বিষয়ে করণীয় নির্ধারণে কৃষি মন্ত্রনালয়ের আইন অধিশাখা ও সলিসিটর উইং-এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (আইন শাখা | **সংযুক্তি-৩** এ উপস্থাপন করা হলো।<br><br>৩। চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য এবং স্থগিত মামলাসমূহের বিষয়ে করণীয় নির্ধারণে কৃষি মন্ত্রনালয়ের আইন অধিশাখা ও সলিসিটর উইং-এর সাথে নিয়মিত পরামর্শ গ্রহণ করা হচ্ছে এবং যোগাযোগ রাখা হচ্ছে। |
| ১.৫। | **অডিট আপত্তি:**<br>অডিট আপত্তিসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে এবং অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশিট জবাব দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (প্রশাসন)/ হিসাবরক্ষণ কর্মকর্তা | জুন, ২০২৬ মাস পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপিত্তির সংখ্যা ৬৭টি। আপত্তিগুলোর ব্রডশিট জবাব কৃষি মন্ত্রণালয়ের সুপারিশসহ কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ক অগ্রগতি প্রতিবেদন **সংযুক্তি-৪** এ প্রদান করা হয়েছে। |
| ১.৬। | **প্রশিক্ষণ:**<br>১। কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও এর আওতাধীন বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয় এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার আগামী ২০ জুলাই তারিখের মধ্যে প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br><br>২। প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরির জন্য প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা এবং মাঠ পর্যায়ের অফিসের চাহিদার আলোকে প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ এর বিষয় নির্ধারণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ/সেমিনার/ ওয়ার্কশপ এর আয়োজন সম্পন্ন করতে হবে।<br><br>৩। বিভাগীয় ও জেলা পর্যায়ে কৃষি পণ্যের উৎপাদন খরচ ও যৌক্তিক মূল্য নির্ধারণ বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন) /উপপরিচালক/ সহকারী পরিচালক (প্রশিক্ষণ শাখা) | ১। কৃষি বিপণন অধিদপ্তরের ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার এর খসড়া প্রণয়ন করা হয়েছে। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ক্যালেন্ডারটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।<br><br>২। মাঠ পর্যায়ের অফিসসমূহের চাহিদার আলোকে প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় নির্দেশনাসহ সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রেরণ করা হবে।<br><br>৩। কৃষি পণ্যের উৎপাদন খরচ ও যৌক্তিক মূল্য নির্ধারণ বিষয়ে প্রশিক্ষণের বিষয়বস্তু মাঠ পর্যায়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করা হয়েছে। অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। |
| ২। | **বাজার সংযোগ, গবেষণা, রপ্তানী উন্নয়ন ও কৃষি ব্যবসা উন্নয়ন** | | |
| ২.১। | **বাজার সংযোগ:** | | |
| | ১। নিত্যপ্রয়োজনীয় কৃষিপণ্যের দাম যাতে অস্বাভাবিকভাবে বৃদ্ধি না পায় এবং মজুদদারগণ যাতে অতিরিক্ত মজুদের মাধ্যমে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারেন, সে লক্ষ্যে বাজার তদারকি কার্যক্রম ও মোবাইল কোর্ট পরিচালনা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করতে হবে। মোবাইল কোর্টের সংখ্যা ও আরোপিত জরিমানার তথ্যের বিগত বছরের একই সময়ের তুলনামূলক প্রতিবেদন প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২। কৃষকের ন্যায্য মূল্য প্রাপ্তির লক্ষ্যে কৃষক, স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে অধিক উৎপাদিত এলাকা থেকে ঘাটতি এলাকায় বাজার সংযোগ স্থাপনে সহায়তা করতে হবে এবং | উপপরিচালক/ সহকারী পরিচালক (বাজার সংযোগ) | ১। কৃষি বিপণন আইন, ২০১৮ অনুযায়ী পরিচালিত মোবাইল কোর্টের তথ্য প্রচারণা বৃদ্ধির জন্য ও মিডিয়া প্রকাশের জন্য বিভাগীয় পর্যায়ে উপপরিচালকগণকে জানানো হয়েছে। ০৮ বিভাগের জুন/২০২৬ খ্রি. মাসের মোবাইল কোর্টের সংখ্যা ৭১টি ও জরিমানার পরিমান ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা মাত্র যার বিস্তারিত **সংযুক্তি-৫** এ প্রদান করা হয়েছে।<br><br>২। ৬৪টি জেলার মধ্যে সর্বমোট ৪৯ টি জেলার বাজার সংযোগ পাওয়া গেছে এবং ১৫ টি জেলার বাজার সংযোগ স্থাপন করে নাই যার বিস্তারিত |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। বিদ্যমান আইন ও বিধি অনুসারে জেলা কার্যালয়ের পাশাপাশি যে সকল উপজেলা কার্যালয়ে কার্যক্রম শুরু হয়েছে সে সকল উপজেলা কার্যালয় থেকেও বাজারদর সংগ্রহ ও আপলোড করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলাসমূহের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৪। প্রজ্ঞাপিত বাজারসমূহের জন্য কৃষিপণ্যের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতার নিকট থেকে বিভিন্ন বাজারকারবারীগণ কর্তৃক আদায়যোগ্য সর্বোচ্চ মার্কেট চার্জ নির্ধারণ সংক্রান্ত ৫ জুলাই ২০০৭ তারিখের কৃবিঅ/ধানি-০৭(ক)/২০০৫/৪৪ সংখ্যক বিজ্ঞপ্তি/ প্রজ্ঞাপন হালনাগাদ করতে হবে। | | **সংযুক্তি-৬** এ প্রদান করা হয়েছে।<br><br>৩। চলমান ৬৫ টি উপজেলার মধ্যে ৩৩ টি উপজেলা পর্যায়ে বাজারদর আপলোড করা হচ্ছে। অবশিষ্ট উপজেলাগুলো কেন বাজারদর আপলোড করতে পারছে না সে বিষয়ে তাদের মতামত নেয়ার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত অফিসারদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>৪। উপপরিচালক (বাজার সংযোগ) এ বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করতে পারেন। |
| ২.২। | **রাজস্ব সংগ্রহ ও বাজার ব্যবস্থাপনা:**<br><br>১। নন-ট্যাক্স রাজস্ব আদায়, কৃষি বিপণন লাইসেন্স ফি আদায় এবং আয়-ব্যয়ের পূর্ণাঙ্গ ও হালনাগাদ হিসাব নিয়মিতভাবে সভায় উপস্থাপন করতে হবে। একই সঙ্গে রাজস্ব সংগ্রহ ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য সকল সরকারি আর্থিক বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br><br>২। গঠিত কমিটি কর্তৃক অধিদপ্তরের আওতাধীন মার্কেটসমূহ সরেজমিন পরিদর্শনের মাধ্যমে সামগ্রিক বাস্তব অবস্থা যাচাইপূর্বক প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে।<br><br>৩। কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন মার্কেটসমূহের জন্য সমন্বিত বাজার পরিচালনা নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে। | পরিচালক (বাজার সংযোগ) /সংশ্লিষ্ট উপপরিচালক/ সহকারী পরিচালক | (১) কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন ৬টি পাবা ও ৭৫টি এনসিডিপিসহ সর্বমোট ৮১টি মার্কেট রয়েছে। সমাপ্ত পাবা ও এনসিডিপি মার্কেটের মাসিক নন-ট্যাক্স রেভিনিউ বকেয়াসহ আদায়কৃত টাকা জুন/২০২৬ মাসে নিম্নরূপ জমা হয়েছেঃ<br>বকেয়া বাবদ সরকারি কোষাগারে রাজস্ব জমা- ৫,৬২৫/-<br>বকেয়া বাবদ বাজার ব্যবস্থাপনা কমিটির একাউন্টে জমা- ১,৮৭৫/-<br>**মোট বকেয়া আদায়-৭,৫০০/- টাকা**<br>বাজার ব্যবস্থাপনা কমিটির একাউন্টে জমা- ১,২০,১৬৯/- টাকা।<br>সরকারি কোষাগারে বিবিধ রাজস্ব জমা- ১,৩৫,৬৪০/- টাকা।<br>সালামী/টেন্ডার ও অন্যান্য দলিলপত্র- ১,৪০০/- টাকা।<br>**জুন, ২০২৬ মাসে সর্বমোট আদায়: ২,৬৪,৫২৯/- টাকা।**<br>**রিপোর্টিং মাসে ব্যয়–নাই।**<br>**কৃষি বিপণন লাইসেন্স ফি বাবদ–২১,০৯,৯৬৫/- টাকা**<br><br>২। গঠিত কমিটি অধিদপ্তরের আওতাধীন দিনাজপুর ও নীলফামারী জেলার মার্কেটসমূহ সরেজমিনে পরিদর্শন করেন এবং এ বিষয়ে পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করা হয়েছে।<br><br>৩। কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন মার্কেটসূহের জন্য সমন্বিত বাজার পরিচালনা নীতিমালা প্রণয়ন এর কাজ চলমান রয়েছে। |
| ২.৩। | **রপ্তানী উন্নয়ন :**<br>১। কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে রপ্তানীকারকদের ডাটাবেইজ প্রণয়নসহ প্রয়োজনীয় তথ্য প্রদান ও তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক/ সহকারী পরিচালক (রপ্তানী উন্নয়ন) | ১) কৃষিপণ্য রপ্তানীকারকগণের ডাটাবেইজ এর খসড়া প্রস্তুত করা হয়েছে এবং প্রয়োজনীয় তথ্য প্রদান ও রপ্তানীকারকদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | ২। রপ্তানি উন্নয়ন শাখাকে গতিশীল করা এবং প্রযুক্তিনির্ভর বিপণন ব্যবস্থা চালুর লক্ষ্যে করণীয় বিষয়ক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | | ২। রপ্তানি উন্নয়ন শাখাকে গতিশীল করা এবং প্রযুক্তিনির্ভর বিপণন ব্যবস্থা চালুর লক্ষ্যে করণীয় বিষয়ক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। |
| ২.৪। | **গবেষণা বিষয়ক কার্যক্রম:**<br>১। আগামী ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে গবেষণা নীতিমালার খসড়া মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে।<br><br>২। কৃষিপণ্যের বাজারজাতকরণ, মূল্য শৃঙ্খল, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ এবং রপ্তানি-উপযোগী কৃষিপণ্যের মান নিয়ন্ত্রণ ও বাজার গবেষণা বিষয়ে নিয়মিত গবেষণা পরিচালনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট থেকে প্রস্তাবনা সংগ্রহ করে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>৩। কৃষিপণ্যের উৎপাদন খরচ ও যৌক্তিক মূল্য নির্ধারণের জন্য প্রধান কার্যালয় থেকে উৎপাদন খরচ নির্ণয়ের মানদণ্ড এবং বিভিন্ন পর্যায়ে লভ্যাংশ নির্ধারণের ক্ষেত্র চিহ্নিত করে চেকলিস্ট প্রণয়নপূর্বক মূল্য নির্ধারণ নির্দেশনা প্রদান করতে হবে। | পরিচালক পরিচালক (বাজার সংযোগ) /সংশ্লিষ্ট উপপরিচালক/ সহকারী পরিচালক | ১। গবেষণা নীতিমালার খসড়া মহাপরিচালক বরাবর দাখিল করা হয়েছে এবং খসড়া নীতিমালার উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>২। কৃষিপণ্যের বাজারজাতকরণ, মূল্য শৃঙ্খল, সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ এবং 'রপ্তানি-উপযোগী কৃষিপণ্যের মান নিয়ন্ত্রণ ও বাজার গবেষণা বিষয়ে নিয়মিত গবেষণা পরিচালনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট থেকে প্রস্তাবনা আহবান করা হয়েছে। প্রস্তাবনাগুলো পাওয়ার সাপেক্ষে মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হবে।<br><br>৩। কৃষিপণ্যের উৎপাদন খরচ ও যৌক্তিক মূল্য নির্ধারণের জন্য প্রধান কার্যালয় থেকে উৎপাদন খরচ নির্ণয়ের মানদন্ড এবং বিভিন্ন পর্যায়ে লভ্যাংশ নির্ধারণের ক্ষেত্র চিহ্নিত করে চেকলিস্ট প্রণয়নপূর্বক মূল্য নির্ধারণের নির্দেশনা প্রদানের লক্ষ্যে পরিচালক (বাজার সংযোগ, গবেষণা, রপ্তানী উন্নয়ন এবং কৃষি ব্যবসা শাখা) এর নেতৃত্বে কয়েকটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চিহ্নিত সমস্যা গুলোর সমাধানপূর্বক হালি পেয়াজ এর চেকলিস্ট প্রণয়ন করে জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে এবং বাকি কৃষিপণ্যের ক্ষেত্রে চেকলিস্ট প্রণয়নের কাজ চলমান রয়েছে। |
| ৩। | **আইসিটি, নীতি ও পরিকলপনা এবং গুদাম ব্যবস্থাপনা:** | | |
| ৩.১। | **শস্য গুদাম ব্যবস্থাপনা কার্যক্রম:**<br>১। কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন শস্যগুদামসমূহ ধাপে ধাপে সরেজমিনে পরিদর্শনপূর্বক গুদামের বাস্তব অবস্থা সম্পর্কিত প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>২। শস্য গুদামের সামগ্রিক তথ্যাদি (সংখ্যা, ধারণক্ষমতা, শস্য জমার পরিমাণ, আয়-ব্যয়, জনবল ইত্যাদি) নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। শস্যগুদামসমূহে শস্য জমার বিপরীতে ঋণ বিতরণ বিষয়ক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। এ সংক্রান্ত নীতিমালা সংশোধনের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট উপপরিচালক/ সহকারী পরিচালক | ১। সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>২। সিদ্ধান্ত অনুযায়ী শস্য গুদামের সামগ্রিক তথ্যাদি (সংখ্যা, ধারণক্ষমতা, শস্য জমার পরিমাণ, আয়-ব্যয়, জনবল ইত্যাদি) **সংযুক্তি-৭** এ দেখানো হয়েছে।<br><br>শস্যগুদামসমূহে শস্য জমার বিপরীতে ঋণ বিতরণ বিষয়ক তথ্য সংযুক্তিতে দেখানো হয়েছে।<br><br>নীতিমালা সংশোধনের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে। |
| ৩.২। | **আইসিটি: ওয়েবসাইট হালনাগাদকরণ**<br>১। আগামী সমন্বয় সভার পূর্বে কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং আওতাধীন বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহের ওয়েবসাইট/ওয়েবপোর্টাল হালনাগাদ | প্রোগ্রামার (আইসিটি) | ১। কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং আওতাধীন কার্যালয়সমূহের ওয়েবসাইট/ ওয়েবপোর্টাল হালনাগাদ করা হয়েছে, যার |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | করতে হবে।<br>২। কাজের সুবিধার্থে অফিসিয়াল ই-মেইল এবং মোবাইল ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩। প্রধান কার্যালয়ের ন্যায় বিভাগীয় ও জেলা কার্যালয়ের ওয়েবসাইটেও বাজারদর স্ক্রলিং আকারে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | বিস্তারিত **সংযুক্তি**-৮ এ দেখানো হয়েছে।<br>২। অফিসিয়াল ই-মেইল এবং মোবাইল ব্যবহার নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৩। প্রধান কার্যালয়ে ওয়েবসাইটে বাজারদর স্ক্রলিং চালু করা হয়েছে এবং আওতাধীন অন্যান্য কার্যালয়ে এ স্ক্রলিং চালু করার বিষয়ে এটুআই এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। |
| ৪। | **বিবিধ** | | |
| ৪.১। | ১। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের প্রতিবেদন নির্ধারিত সময়ে দাখিল করতে হবে। | সহকারী পরিচালক (নীতি ও পরিকল্পনা) | কৃষি বিপণন অধিদপ্তরের গত ২৯/০৪/২০২৬ তারিখের ৪৬ সংখ্যক স্মারকে নির্বাচনী ইশতেহার অনুযায়ী সরকারি কর্মচারী নিয়োগ বিষয়ে তথ্য প্রেরণ করা হয়েছে। |
| ৪.২। | ১। GPMS বিষয়ক কার্যক্রম গঠিত কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে। | GPMS বিষয়ক কমিটি | কৃষি মন্ত্রণালয়ে প্রেরিত GPMS এর ২০টি পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত অবহিতকরণ পত্র প্রধান কার্যালয়ের সকল শাখা বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রতিটি বিভাগীয় কার্যালয়কে বিভাগীয় পর্যায়ে তার আওতাধীন জেলাসমূহের GPMS বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ৪.৩। | ১। বিভাগ/জেলা পর্যায়ে কোন প্রণোদনার প্রস্তাব থাকলে তা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিভাগীয় উপপরিচালকগণের মাধ্যমে বাজেটসহ মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।<br>২। প্রণোদনা সংক্রান্ত মন্ত্রণালয় থেকে চাহিত তথ্য/প্রস্তাবনা নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপপরিচালক (সকল)/ সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশাসন) | ১। জেলা অফিস থেকে প্রস্তাবিত প্রণোদনা প্রস্তাব বিভাগীয় উপপরিচালকগণের মাধ্যমে নির্ধারিত সময়ে প্রেরণ করেছে।এর পরিপ্রেক্ষিতে প্রণোদনা প্রস্তাব সংক্রান্ত গঠিত টিম কর্তৃক প্রণোদনা প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হয়েছে।<br>২। প্রণোদনা সংক্রান্ত কৃষি মন্ত্রণালয় থেকে চাহিত তথ্য/প্রস্তাবনা ২১/০৭/২০২৬ তারিখের ৫২১ সংখ্যক স্মারকে কৃষি মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে। |
| ৪.৪। | ১। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত তথ্য/মতামত প্রদানের অনুরোধ সংবলিত সকল পত্রের বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ বা শাখাকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য/মতামত প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>২। চাহিত তথ্য বা মতামত নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা | ১। এ বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ বা শাখা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য/মতামত প্রদান করা হচ্ছে।<br>২। চাহিত তথ্য বা মতামত নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হচ্ছে। |

২১/০৭/২০২৬

(অপু সরকার)

সহকারী পরিচালক

(প্রশিক্ষণ ও সমন্বয়)

ফোন: ৫৫০২৮৪০৯